

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৩১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
জননিরাপত্তা বিভাগ  
পুলিশ শাখা-২  
প্রজ্ঞাপন

তারিখ : ১১ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৩০৯-আইন/২০১৭।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, পুলিশ বিভাগ (নন-পুলিশ কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিল এর “শিল্পাঞ্চল পুলিশ” শিরোনামাধীন ক্রমিক ১২ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নবর্ণিত নূতন শিরোনাম, ক্রমিক নং এবং এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:—

“হাইওয়ে পুলিশ

ক্রঃ নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
১.	প্রধান সহকারী	-	পদোন্নতির মাধ্যমে।	উচ্চমান সহকারী পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকরি।

(১৩৫২৫)

মূল্য : টাকা ৪.০০

১	২	৩	৪	৫
২.	কম্পিউটার অপারেটর	Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী		
৩.	সাঁটলিপিকার- কাম-কম্পিউটার অপারেটর	Stenographers and Steno-typists (Ministries, Division and Attached Departments) Recruitment Rules, 1978 এর “সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী।		
৪.	উচ্চমান সহকারী	-	পদোন্নতির মাধ্যমে।	(ক) অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অনূ্যন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং  (খ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।
৫.	একাউন্ট্যান্ট	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; এবং  (খ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।
৬.	ডাটা এন্ট্রি অপারেটর	Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী		
৭.	অফিস সহকারী- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দণ্ডরী ও এম,এল,এস,এস (মন্ত্রণালয়/ বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ এবং সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী।		

১	২	৩	৪	৫
৮.	ক্যাশিয়ার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; এবং তবে বাণিজ্যে বা ব্যবসায় শিক্ষায় সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার প্রদান করা হইবে; (খ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা; এবং (গ) প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী, যদি থাকে, নির্ধারিত নিরাপত্তা জামানত প্রদান করিতে হইবে।
৯.	অফিস সহায়ক	নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দণ্ডরী ও এম,এল,এস,এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী		
১০.	পরিচ্ছন্নতা কর্মী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০ ভাগ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে, সাধারণ প্রার্থীদের দ্বারা উক্ত পদসমূহ পূরণ করা যাইবে।	কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) বা অষ্টম শ্রেণি উত্তীর্ণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোস্তাফা কামাল উদ্দীন  
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd